শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

ISO 9001:2015 CERTIFIED

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২৪. ৭২৫

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি, ২০২৪খ্রিঃ
২২ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ

"মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১।	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল: ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	০১) **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (১৯/০২/২০২৪খ্রিঃ তারিখে)। ০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম-সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩) **অন্যান্য যোগ্যতাঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (পাবনা পবিস-২) কর্তৃক দ্বিতীয় পক্ষের [মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের] কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ১/২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনকভাবে কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ কর্মকাল সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা প্রার্থীর বয়স ৫৫ বছর (যা আগে আসে) পূর্ণ হলে চুক্তি নবায়ন করা হবে না। ০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে।

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (**www.pbs2.pabna.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড অথবা পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম A4 সাইজের কাগজে সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা বরাবর প্রেরণ করা যাবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ পত্র/প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

(চলমান পাতা)

০৩। **বেতন ও ভাতাদিঃ**

(ক) পবিস নির্দেশিকা, সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে পবিস নির্দেশিকা ও বাপবিবো এর সার্কুলার অনুসরণ করা হবে।

(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি সবিস্তারে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পাদনকারী গণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) ইতঃপূর্বে যারা অত্র পবিসে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই।

(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঝ) পাবনা জেলায় স্থায়ীভাবে বসবাসকারী এবং পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকায় বসবাসরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঞ) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ কতে হবে।

(ট) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঠ) নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সময় সময় জারীকৃত নীতিমালা সম্পর্কিত সকল বিধিবিধান অনুসরণ পূর্বক নিয়োগকার্য চূড়ান্ত করা হবে।

(ড) বিভিন্ন পবিসে কর্মরত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণ চুক্তির মেয়াদ শেষ হওয়ার ০২ (দুই) মাস পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

(ঢ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৫.০২.২০২৪

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ করা হলো)

০১। নিবার্হী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----------পবিস-১/২/৩/৪ [বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ]।
০৪। ডিজিএম, সুজানগর/সদর-কারিগরি/বেড়া/আতাইকুলা জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৫। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), সাঁথিয়া/বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৬। এজিএম (আইটি) পাবনা পবিস-২ {অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য}।
০৭। নোটিশ বোর্ড, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

০৫.০২.২০২৪

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।

ISO 9001:2015 CERTIFIED

ফরম নং-পমাসপ ১১০-০০২,ভার্সন-০১, তারিখ-২৭/০৪/২০১৪ খ্রিঃ।
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে লাগিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশীনাথপুর, পাবনা।

০১. নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- ২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২৪. , তারিখ-০৫/০২/২০২৪খ্রিঃ

....
০২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

০৩. পদের ধরণঃ (চুক্তিভিত্তিক)

০৫/০২/২০২৪ খ্রিঃ
০৪.নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ

....
০৫. আবেদনকারীর পূর্ন নাম (বাংলায়)

....
০৬. (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

....
০৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

........../........./.........(দিন/মাস/বছর)
০৮. বয়স (১৯/০২/২০২৪ খ্রিঃ তারিখে)

০৯. রক্তের গ্রুপ.............................

....
১০. মাতার নামঃ

....
১১. পিতার নামঃ

১২. ধর্ম.....................................

১৩.জাতীয়তা.....................................

....
১৪. নিজ জেলা

....
১৫. পিবিএস ভৌগলিক এলাকা

....
১৬. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৭. বৈবাহিক অবস্থা (টিক √) দিন

	বিবাহিত		অবিবাহিত

১৮. স্থায়ী ঠিকানা ঃ

....	....	....	....
ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ.ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা

১৯. কোন কোটায় সুবিদা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√) দিন ঃ

	মহিলা		মুক্তিযোদ্ধ/শহীদ মুক্তিযোদ্ধর পুত্র/কন্য		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা		
	এতিম ও শারিরীক প্রতিবন্ধী		উপজাতি		আনছার ও গ্রাম প্রতিরক্ষা		অন্যান্য

২০. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

....	....	....	....
ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ /বিভাগ/ শ্রেনী		সার্টিফিকেট/ডিগ্রি অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড	

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ/অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চুক্তির মেয়াদ শেষে অব্যাহতির তারিখ

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুজন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
০১।
০২।

আমি অঙ্গিকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে পাবনা পল্লী বিদ্যুৎ-২ সমিতি কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

....	....
তারিখ	আবেদনকারীর স্বাক্ষর